

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
লজিস্টিক সেবা শাখা

স্মারক নং ৫৬.০০.০০০০.০১৭.১৮.০৪৪.২০-০৪

তারিখ: ০৪/০১/২০২১


## অকেজো মালামাল বিক্রয়ের নিমিত্তে নিলাম বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অকেজো মালামাল ও যন্ত্রপাতি (অফিস ইকুইপমেন্ট ও অন্যান্য) বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে নিম্নলিখিত শর্তে ১৯/০১/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ০২টার মধ্যে আইসিটি টাওয়ারের ৫ম তলায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, একই দিন দুপুর ০২:৩০ মিনিটে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ থাকেন) দাখিলকৃত দর উন্মুক্ত করা হবে।

নিলাম ডকুমেন্ট ০৫/০১/২০২১ খ্রিঃ তারিখ থেকে ১৮/০১/২০২১ খ্রিঃ পর্যন্ত সংগ্রহ করা যাবে এবং আগামী ১৯/০১/২০২০ এবং ১২/০১/২০২০ দুইদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিক্রয়যোগ্য মালামাল পরিদর্শন করা যাবে। বিনামূল্যে নিলাম ডকুমেন্টসহ বিস্তারিত তথ্য সংগ্রহ এবং মালামাল পরিদর্শনের জন্য উল্লিখিত সময়ের মধ্যে আইসিটি টাওয়ারের ৫ম তলায় জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (লজিস্টিক সেবা) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

### শর্তাবলী:

১. দাখিলকৃত মোট মূল্যের ১০% জামানত হিসেবে “উপসচিব (লজিস্টিক সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ”-এর অনুকূলে পে.অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) জমা দিতে হবে। হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ এবং আয়কর সনদ দাখিল করতে হবে।
২. নির্ধারিত সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশ দেওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে দাখিলকৃত মূল্য “উপসচিব (লজিস্টিক সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ” এর অনুকূলে পে.অর্ডারের মাধ্যমে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। এতে কর্তৃপক্ষ কোন প্রকার পরিবহন ব্যয় বহন করবে না। নির্ধারিত সময়ে সমুদয় অর্থ পরিশোধ করে মালামাল গ্রহণ করতে ব্যর্থ হলে জমা কৃত জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
০৪.০১.২০২১

মোঃ তব্বিরুর রহমান

উপসচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ